



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো(ব্যানবেইস)

উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর

এডুকেশন

উপজেলাঃপার্বতীপুর,জেলাঃদিনাজপুর



স্মারক নম্বর: ৩৭.২০.২৭৭৭.০০০.২৫.০০৪.২১.১১

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪২৮

২৮ মে ২০২১

বিষয়: ২০২০-২১ অর্থবছরে উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই), ব্যানবেইস, পার্বতীপুর অফিসে আইসিটি বিষয়ক প্রশিক্ষণ কোর্সের (৫ম ব্যাচ) শিক্ষক মনোনয়ন প্রসংগে।

সূত্র: ৩৭.২০.০০০০.০০১.২৯.২২১.১৯.৩৫৮৫ তারিখঃ ২৪/৫/২০২১ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) কর্তৃক প্রতিষ্ঠিত উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই), ব্যানবেইস, পার্বতীপুর অফিসের UITRCE ল্যাভে আইসিটি বিষয়ক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য আপনার প্রতিষ্ঠান থেকে শিক্ষক মনোনয়ন প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে। প্রশিক্ষণ কোর্সটি আগামী ২৯/৫/২০২১ তারিখ হতে ১২/৬/২০২১ তারিখ পর্যন্ত বাস্তবায়ন করা হবে। প্রশিক্ষণের সময়সূচী সকাল ৯.০০ ঘটিকা থেকে দুপুর ১.১৫ ঘটিকা পর্যন্ত। যারা ইতিপূর্বে কখনো আইসিটি বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করে নাই শুধুমাত্র তাদেরকে মনোনয়ন দেওয়ার জন্য অনুরোধ করা হল। আইসিটি বিষয়ক শিক্ষকগণ উক্ত প্রশিক্ষণের আওতাভুক্ত নয়। প্রশিক্ষণটি বাধ্যতামূলক। উক্ত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য প্রশিক্ষণার্থীদের নির্ধারিত হারে দৈনিক ভাতা ও যাতায়াত ভাতা ব্যবস্থা রয়েছে।

প্রশিক্ষণ কোর্সে যোগদানের শর্তাবলী:-

- ০১। প্রতিষ্ঠান প্রধান কর্তৃক ছাড়পত্র।
- ০২। জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি ও ০১ কপি পার্সপোর্ট সাইজের ছবি।
- ০৩। সমস্ত কাগজপত্র প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত হতে হবে।
- ০৪। মনোনীত প্রশিক্ষণার্থীগণকে প্রতিদিন প্রশিক্ষণের জন্য নির্ধারিত সময়ের মধ্যে উপস্থিত হতে হবে।
- ০৫। বর্তমান কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাস্থ্য বিভাগ কর্তৃক জারিকৃত স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে।

২৮-৫-২০২১

মোঃ শাহনুর আলম

সহকারী প্রোগ্রামার

ফোন: ০৫৩৩৪৭৪৩৩০

ইমেইল:

ap_parbatipur@banbeis.gov.bd

অধ্যক্ষ/প্রধান

শিক্ষক/সুপার.....পার্বতীপুর,দিনাজপুর

স্মারক নম্বর: ৩৭.২০.২৭৭৭.০০০.২৫.০০৪.২১.১১/১(৭)

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪২৮

২৮ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার বিভাগ, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পার্বতীপুর, দিনাজপুর
- ৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পার্বতীপুর, দিনাজপুর
- ৫) উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, পার্বতীপুর, দিনাজপুর
- ৬) জনাব,
- ৭) অফিস নথি।



২৮-৫-২০২১

মোঃ শাহনুর আলম

সহকারী প্রোগ্রামার